রাত ১২টার পর সেহরি করলে কি রোজা হবে?



সংগৃহীত ছবি

সেহরি রোজাদারকে দিনভর শক্তি জোগায়। রমজানে প্রাপ্তবয়স্ক মুসলিমদের জন্য রোজা ফরজ এবং এর লক্ষ্য তাকওয়া অর্জন (সূরা বাকারা: ১৮৩)। হাদিসে এসেছে, আবু হুরায়রাহ (রা.) বর্ণনা করেন—মুহাম্মদ (সা.) বলেছেন, রোজার প্রতিদান আল্লাহ নিজেই দেবেন (সহিহ মুসলিম)।

সেহরিতে বিশেষ বরকত রয়েছে। আনাস ইবনে মালিক (রা.) থেকে বর্ণিত হাদিসে নবীজি (সা.) বলেছেন, সেহরি খাও—কারণ এতে বরকত আছে (সহিহ বুখারি, সহিহ মুসলিম)। তাই রোজা শুধু উপবাস নয়; এটি আল্লাহভীতি ও আত্মসংযমের সাধনা।

রাত ১২টার পর সেহরি খেলে রোজা হবে কি না এ নিয়ে অনেকের প্রশ্ন থাকে। এ বিষয়ে ইসলামিক আলোচক শায়খ আহমাদুল্লাহ বলেন, নির্দিষ্ট কোনো সময় বেঁধে দেওয়া নেই। সেহরি না খেলেও রোজা আদায় হয়ে যায়। তবে উত্তম হলো রাতের শেষ ভাগে সেহরি করা। ফজরের ওয়াক্ত শুরু হওয়ার আগ পর্যন্ত খাওয়া যাবে; আজানের একেবারে আগমুহূর্ত পর্যন্ত দেরি করাই উদ্দেশ্য নয়।

LENS ASIA